

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.৩১৩.১৭. ২৪০৮

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৪
১২ ডিসেম্বর, ২০১৭

প্রাপক,

চেয়ারম্যান
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয় : ইতালি সফরের অনুমতি।

মহোদয়,

M/s SOCAR-AQS INTERNATIONAL DMCC এর আমন্ত্রণে বাপেক্স এর খননতব্য তিনটি কুপে ব্যবহৃত রিগ ও আনুষঙ্গিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ব্যবস্থার “Physical Inspection”-এ অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত ০৭ (সাত) জন কর্মকর্তাকে প্রকৃত যাত্রার তারিখ হতে ০৭ (সাত) দিন (যাতায়াত সময় ব্যতীত) ইতালি সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো :-

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	বিভাগ/কোম্পানি
১।	বেগম খাদিজা নাজনীন, উপ-সচিব	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২।	প্রকৌঃ মোঃ নওশাদ ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক	বাপেক্স
৩।	জনাব মোঃ আব্দুল ওয়াহিদ খান, বিভাগীয় প্রধান (খনন)	বাপেক্স
৪।	জনাব মোঃ জহুরুল ইসলাম, ড্রিলিং সুপারিনটেনডেন্ট	বাপেক্স
৫।	জনাব মোঃ মাহবুবুল্লাহ হক, টুলপুশার	বাপেক্স
৬।	জনাব মোঃ কামরুল হাসান শোভন, উপ-ব্যবস্থাপক	বাপেক্স
৭।	জনাব তন্ময় চক্রবর্তী, উপ-ব্যবস্থাপক	বাপেক্স

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :-

- (ক) তাঁদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ণিত সফরকালীন তাঁদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) আলোচ্য “Physical Inspection”-এ অংশগ্রহণের জন্য ক্রমিক নং ২ হতে ৭ এ বর্ণিত ০৬ (ছয়) জন কর্মকর্তার যাবতীয় ব্যয়ভার ঠিকাদার প্রতিষ্ঠান M/s SOCAR-AQS INTERNATIONAL DMCC কর্তৃক নির্বাহ করা হবে এবং ১নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তার যাবতীয় ব্যয়ভার ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করা সম্ভব না হলে বাপেক্স এর ২০১৭-২০১৮ অর্থবছরে বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে; এবং
- (ঙ) সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এতদবিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত
(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব

ফোন : ৯৫১৪১৬৫

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৪
১২ ডিসেম্বর, ২০১৭

নং-২৮.০০.০০০০.০১১.২৫.৩১৩.১৭.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশস্থ ইতালি দূতাবাস, ঢাকা।
- ৪। ইতালিস্থ বাংলাদেশ দূতাবাস।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
- ৮। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। জনাব
- ১১। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১২। অফিস কপি।

(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব